# বাংলাদেশ হাই-টেক পার্ক কর্তৃপক্ষ

তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ
ডাক, টেলিযোগাযোগ ও তথ্যপ্রযুক্তি মন্ত্রণালয়
আইসিটি টাওয়ার, আগারগাঁও ঢাকা-১২০৭।
www.bhtpa.gov.bd


**বিনিয়োগ অগ্রাধিকার**

স্মারকন নং ৫৬.০০.০০০০.০১৪.১৮.০০৮.২৩- ৭২০ তারিখ: ২৭/০৬/২০২৪ ইং

## বাংলাদেশ হাই-টেক পার্ক কর্তৃপক্ষের ২০২৩-২৪ অর্থবছরের সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেন চার্টার) কর্মপরিকল্পনা (জুলাই-২০২৩ জুন-২০২৪ পর্যন্ত)-এর সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে বাৎসরিক প্রতিবেদন।

মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেন চার্টার) কর্মপরিকল্পনা বাস্তবায়ন ও মূল্যায়ন নির্দেশিকা, ২০২৩-২৪ প্রণয়ন করা হয়। নির্দেশনা মোতাবেক বাংলাদেশ হাই-টেক পার্ক কর্তৃপক্ষের সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেন চার্টার) প্রস্তুত করা হয়। উক্ত কর্মপরিকল্পনা অনুযায়ী জুলাই, ২০২৩-জুন, ২০২৪ পর্যন্ত কার্যক্রম সঠিকভাবে পরিচালনা করা হয়েছে। বাংলাদেশ হাই-টেক পার্ক কর্তৃপক্ষের সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেন চার্টার) এর বাৎসরিক কার্যক্রম নিম্নে পর্যায়ক্রমে বর্ণনা করা হলো:

**০১। <u>সিটিজেন চার্টার হালনাগাদ সংক্রান্ত:</u>**

বাংলাদেশ হাই-টেক পার্ক কর্তৃপক্ষের সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেন চার্টার) ০৩ (তিনটি) ক্যাটাগরিতে (নাগরিক সেবা, অভ্যন্তরীন সেবা, প্রাতিষ্ঠানিক সেবা) বিভক্ত করা হয়েছে। ১ম কোয়ার্টার এর সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেন চার্টার) গত ২২ আগস্ট, ২০২৩ ইং তারিখে হালনাগাদ করে ওয়েব সাইডে আপলোড করা হয়েছে। ২য় কোয়ার্টার এর হালনাগাদ গত ০৯ নভেম্বর, ২০২৩ ইং তারিখে করা হয়েছে এবং গত ১৩ নভেম্বর, ২০২৩ ইং তারিখে ওয়েব সাইডে আপলোড করা হয়েছে। ৩য় কোয়ার্টার এর হালনাগাদ গত ৩১ জানুয়ারি, ২০২৪ ইং তারিখে করা হয় এবং গত ১৩ ফেব্রুয়ারি, ২০২৪ ইং তারিখে ওয়েব সাইডে আপলোড করা হয়েছে। ৪র্থ কোয়ার্টার এর হালনাগাদ গত ১৬ মে, ২০২৪ ইং তারিখে করা হয়েছে এবং গত ১৬ মে, ২০২৪ ইং তারিখে ওয়েব সাইডে আপলোড করা হয়েছে। বাংলাদেশ হাই-টেক পার্ক কর্তৃপক্ষের সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেন চার্টার) সর্বশেষ গত ৩ জুন, ২০২৪ ইং তারিখে হালনাগাদ করে ওয়েব সাইডে আপলোড করা হয়েছে।

**বাংলাদেশ হাই-টেক পার্ক কর্তৃপক্ষের সেবা সমূহ:**

বাংলাদেশ হাই-টেক পার্ক কর্তৃপক্ষের সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেন চার্টার) ০৩ (তিনটি) ক্যাটাগরিতে (নাগরিক সেবা, অভ্যন্তরীন সেবা, প্রাতিষ্ঠানিক সেবা) বিভক্ত করা হয়।

**১ম কোয়ার্টার** এর সেবাসমূহ নিম্নরূপ:

**ক) নাগরিক সেবাসমূহ-** বিনিয়োগকারীদের তথ্য সেবা প্রদান, স্পেস বরাদ্দের আবেদন, জমি/প্লট বরাদ্দের আবেদন, বিনিয়োগকারীকে পার্কের অভ্যন্তরীন ইউটিলিটি সেবা প্রদান, ইলেক্ট্রক্যাল ও মেকানিক্যাল রক্ষণাবেক্ষণ, উৎপাদন পর্যায়ে কাঁচামাল আমদানী সংক্রান্ত প্রয়োজনীয় কাগজপত্র সত্যায়ন ও প্রত্যায়ন, বিনিয়োগকারীদের ব্যাংকিং সংক্রান্ত কাজে সহায়তা প্রদান, ওয়ার্ক পার্মিট, প্রজেক্ট রেজিস্ট্রেশন, ভিসা সুপারিশ, প্রজেক্ট ক্লিয়ারেন্স, ভিসা এসিস্টেন্স ইত্যাদি।

**খ) প্রাতিষ্ঠানিক সেবা-** অনলাইন বা সোস্যাল মিডিয়ায় বিভিন্ন তথ্য বা প্রশ্নত্তোর প্রদান করা হয়।

**গ) অভ্যন্তরীন সেবা-** চাকরি স্থায়ীকরণ, পদোন্নতি সংক্রান্ত বিষয়, অর্জিত ছুটি মঞ্জুর, শ্রান্তি বিনোদন ছুটি মঞ্জুর, বহিঃ বাংলাদেশ ছুটি মঞ্জুর, সাধারণ ভবিষ্যৎ তহবিল এর অগ্রিম মঞ্জুরি, আইসিটি সংশ্লিষ্ট সিষ্টেমের উন্নয়ন, মেরামত ও রক্ষণাবেক্ষণ ইত্যাদি সেবাসমূহ প্রদান করা হয়।

**২য় কোয়ার্টার** এ নাগরিক সেবায় ১ম এডহক আমদানি সনদ (IRC) এর সুপারিশ সংক্রান্ত সেবাটি অন্তর্ভুক্ত করা হয়েছে।

**৩য় কোয়ার্টার** এ নতুন করে কোন সেবা অন্তরর্ভূক্ত করা হয়নি। পূর্বের সকল সেবাসমূহ প্রদান করা হয়।

**৪র্থ কোয়ার্টার** এ প্রাতিষ্ঠানিক সেবায় সরকারি প্রতিষ্ঠানের অনুকূলে স্পেস/জমি বরাদ্দ সংক্রান্ত সেবাটি অন্তর্ভুক্ত করা হয়েছে।

**০২। স্টেকহোল্ডারদের সমন্বয়ে অনুষ্ঠিত সভা সংক্রান্ত:**

সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেন চার্টার) এর আওতায় প্রাতিষ্ঠানিক এর [১.২] সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ক প্রত্যেক কোয়ার্টারে স্টেকহোল্ডারগণের সমন্বয়ে সভা করার পরিকল্পনা রয়েছে। কর্মপরিকল্পনা অনুযায়ী স্টেকহোল্ডারগণের সাথে ১ম কোয়ার্টারে সভা গত ২৬ সেপ্টেম্বর, ২০২৩ ইং তারিখ, ২য় কোয়ার্টারে সভা গত ২৬ সেপ্টেম্বর, ২০২৩ ইং তারিখে, ৩য় কোয়ার্টারে সভা গত ৭ মার্চ, ২০২৪ ইং তারিখ এবং ৪র্থ কোয়াটারে সভা গত ১১ জুন, ২০২৪ ইং তারিখে অনুষ্ঠিত হয়। সভাগুলোর সিদ্ধান্তসমূহ যথাযথ বাস্তবায়ন করা হয়েছে।

এছাড়াও বাংলাদেশ হাই-টেক পার্ক কর্তৃপক্ষের প্রস্তুতকৃত সিটিজেন চার্টার মোতাবেক সেবা সঠিকভাবে প্রদান করা হচ্ছে কি না এ বিষয়ে ১ম কোয়ার্টারে ওএন্ডএম শাখা, ২য় কোয়ার্টারে প্রশাসন শাখা, ৩য় কোয়ার্টার বিনিয়োগ শাখা এবং ৪র্থ কোয়ার্টারে প্রশাসন শাখা পরিবীক্ষণ করা হয়। পরিবীক্ষণান্তে দেখা যায় প্রতিটি শাখাই সিটিজেন চার্টার মোতাবেক সঠিকভাবে সেবা প্রদান করছে।

**০৩। ত্রৈমাসিক প্রতিবেদন প্রেরণ সংক্রান্ত:**

সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেন চার্টার) এর আওতায় বাস্তবায়ন সক্ষমতা উন্নয়নের লক্ষ্যে সিটিজেন চার্টার এর [২.১] সেবা প্রদান প্রতিশ্রুতি বাস্তবায়ন বিষয়ক ত্রৈমাসিক প্রতিবেদন প্রণয়নের বিষয়টি উল্লেখ রয়েছে। এ বিষয়ে বাংলাদেশ হাই-টেক পার্ক কর্তৃপক্ষ কর্তৃক ১ম কোয়ার্টারের ত্রৈমাসিক প্রতিবেদন গত ২৭ সেপ্টেম্বর, ২০২৩ ইং তারিখে, ২য় কোয়ার্টার এর ত্রৈমাসিক প্রতিবেদন ২৮ ডিসেম্বর, ২০২৩ ইং তারিখে, ৩য় কোয়ার্টার ত্রৈমাসিক প্রতিবেদন গত ৩১ মার্চ, ২০২৪ ডিসেম্বর এবং ৪র্থ কোয়ার্টার এর ত্রৈমাসিক প্রতিবেদন গত ২৫ জুন, ২০২৪ ইং তারিখে তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগে প্রেরণ করা হয়েছে।

**০৪। কর্মশালা সংক্রান্ত:**

সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেন চার্টার) এর আওতায় বাস্তবায়ন সক্ষমতা উন্নয়নের লক্ষ্যে সিটিজেন চার্টার এর [২.২] সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ক প্রশিক্ষণ/কর্মশালা/সেমিনার আয়োজনের নির্দেশনার প্রেক্ষিতে বাংলাদেশ হাই-টেক পার্ক কর্তৃপক্ষের সকল কর্মকর্তা,কর্মচারী, আওতাধীন প্রকল্পের প্রকল্প পরিচালক, উপ-প্রকল্প পরিচালক এবং তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগসহ আওতাধীন দপ্তর/সংস্থার সিটিজেন চার্টার এর ফোকাল পয়েন্ট,বিকল্প ফোকালপয়েন্ট কর্মকর্তাদের উপস্থিতিতে গত ০৪/০৬/২০২৪ ইং তারিখে সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ক ০১ (এক) দিনের একটি কর্মশালা সম্পন্ন হয়।

২৭।০৬।২৪

(জি এস এম জাফরউল্লাহ্, এনডিসি)
ব্যবস্থাপনা পরিচালক (গ্রেড-১)
ফোন : ৫৫০০৬৯৫৩

সচিব
তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ
আইসিটি টাওয়ার, আগারগাঁও, ঢাকা।
[দৃ:আ: উপসচিব (কর্মসম্পাদন ও কৌশল শাখা), আইসিটি প্রমোশন ও গবেষণা অনুবিভাগ]